

470

আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের
৭৩ কোটি টাকার
বাজেট পেশ

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষের জন্য ৬ কোটি টাকার ঘাটতিসহ মোট ৭৩ কোটি টাকার রাজস্ব বাজেট প্রণীত হইয়াছে। ইহার মধ্যে সরকারের নিকট হইতে ৬১ (২য় পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

কোটি টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে ৬ কোটি ৫০ লক্ষ টাকার আয় ধার্য করা হইয়াছে। ঘাটতির ৬ কোটি টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নিকট বরাদ্দ চাওয়া হইয়াছে।

আজ (রবিবার) অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে এই বাজেট পেশ করা হইবে। জানা গিয়াছে, এই ৭৩ কোটি টাকা বাজেটের শতকরা ৬২ ভাগ ব্যয় হইবে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা খাতে। ২৮ ভাগ একাডেমিক কর্মকাণ্ডে ব্যয় হইবে। বিবিধ পরীক্ষার জন্য ব্যয় ধরা হইয়াছে ২ কোটি ৫০ লক্ষ টাকা, গবেষণা খাতে ২ কোটি টাকা এমনকি ডাকসুর জন্য ১২ লক্ষ টাকা বৃদ্ধি করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের ৬ কোটি টাকার নিজস্ব আয়ের খাত হিসাবে ধরা হইয়াছে : ছাত্র বেতন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বাসাবাড়ী, দোকান ভাড়া, প্রকাশনা প্রভৃতি। উল্লেখ্য, গত বছর এই বাজেটের পরিমাণ ছিল ৫৬ কোটি ৫৭ লক্ষ টাকা।

জানা যায়, চলতি বছর হইতে জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের ফলে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ব্যয় প্রচুর বৃদ্ধি পাইতেছে।